

আফ্রিকায় ফ্লাইট বাড়াচ্ছে এমিরেটস

- A Monitor Desk Report

Date: 07 November, 2024



ঢাকাঃ সাম্প্রতিক সময়ে আফ্রিকা ভ্রমণে ক্রমবর্ধমান যাত্রী চাহিদার পরিপ্রেক্ষিতে এমিরেটস এয়ারলাইন উগান্ডার এনতেবে, ইথিওপিয়ার আদ্দিস আবাবা এবং দক্ষিণ আফ্রিকার জোহান্সবার্গে অতিরিক্ত ফ্লাইট পরিচালনার সিদ্ধান্ত নিয়েছে। উল্লেখ্য, এয়ারলাইনটি বর্তমানে আফ্রিকার ২০টি গন্তব্যে যাত্রীবাহী এবং কার্গো ফ্লাইট পরিচালনা করছে।

২৭ অক্টোবর থেকে এয়ারলাইনটি দুবাই ও উগান্ডার মধ্যে দৈনিক ফ্লাইট চালু করেছে। এর পূর্বে এই রুটে সপ্তাহে পাঁচটি ফ্লাইট চলাচল করতো। অতিরিক্ত ফ্লাইট চালুর ফলে এই রুটে সপ্তাহে আরও ৭১৮টি যাত্রী আসন পাওয়া যাবে।

আগামী বছরের পহেলা জানুয়ারি থেকে আদ্দিস আবাবায়ও ফ্লাইট সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। ইথিওপিয়ার এই গন্তব্যে দৈনিক ফ্লাইট পরিচালিত হবে।

বর্তমানে দক্ষিণ আফ্রিকার জোহান্সবার্গে দৈনিক তিনটি ফ্লাইট পরিচালিত হলেও ১ মার্চ ২০২৫ থেকে চতুর্থ দৈনিক ফ্লাইট যুক্ত হচ্ছে। এর ফলে দক্ষিণ আফ্রিকায় এমিরেটসের সাপ্তাহিক ফ্লাইট সংখ্যা ৪৯টিতে উন্নীত হবে।

অতিরিক্ত ফ্লাইটগুলো চালু হলে আফ্রিকা মহাদেশে প্রতি সপ্তাহে পরিচালিত এমিরেটস ফ্লাইটের সংখ্যা ১৬১টিতে দাঁড়াবে।

এছাড়াও পাঁচটি কোডশেয়ার ও আঠারোটি ইন্টারলাইন পার্টনার থাকার কারণে এমিরেটস যাত্রীরা একই টিকিটে এবং সহজতর ব্যাগেজ বুকিং সুবিধা নিয়ে ২১০টি আঞ্চলিক গন্তব্যে বামেলাহীনভাবে ভ্রমণ করতে পারবেন।

অতিরিক্ত যাত্রীবাহী ফ্লাইট চালুর ফলে এয়ারলাইনটির পন্য পরিবহণ শাখা স্কাইকার্গো'র সক্ষমতা বৃদ্ধি পাবে। বর্তমানে যাত্রীবাহী ফ্লাইটের বেলিহোল্ডে পন্য পরিবহণ করা ছাড়াও স্কাইকার্গো আফ্রিকায় নিয়মিতভাবে সপ্তাহে ৮টি ফ্রেইটার ফ্লাইট পরিচালনা করছে।

